

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

১৫ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ৩০ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০০১.২০.৯৭

বিষয়: খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তাদের ডাটাবেজে তথ্য আপলোড ও হালনাগাদকরণ।

সূত্র: (ক) খাদ্য মন্ত্রণালয়ের সরবরাহ-১ শাখা এর ৩০/০৪/২০২৪ খ্রি. তারিখের ৭৫ নং স্মারক।

(খ) খাদ্য অধিদপ্তরের কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট এর ০৭/০৫/২০২৪ খ্রি. তারিখের ৬৯৯ নং স্মারক।

(গ) খাদ্য অধিদপ্তরের সরবরাহ শাখার ১০/০৭/২০২৪ খ্রি. তারিখের ৯৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে মাঠপর্যায় হতে প্রাপ্ত তথ্য ও খাদ্যবান্ধব কর্মসূচির ডাটাবেজ যাচাই করে দেখা যায় যে, ডাটাবেজেভুক্ত কিছুসংখ্যক ভোক্তা ইতিমধ্যে মৃত্যুবরণ করেছেন, কিছু ভোক্তার স্ত্রী ভিডলিউবি কর্মসূচিতে তালিকাভুক্ত এবং কিছু অনুমোদিত ভোক্তার যাচাই কার্যক্রম এখনও অসম্পন্ন রয়েছে। এ প্রেক্ষাপটে ডাটাবেজ হালনাগাদকরণের লক্ষ্যে মে-জুন, ২০২৪ মাসে বিভিন্ন উপজেলার খাদ্যবান্ধব কমিটি কর্তৃক অনুমোদিত অবশিষ্ট ১,২১,৬১৩ জন ভোক্তার তথ্য খাদ্যবান্ধব ডাটাবেজে আপলোড এবং ভোক্তাসাধারণকে সংশ্লিষ্ট ইউডিসিতে সরেজমিনে এসে যাচাইকরণের জন্য সূত্রস্থ 'ক' নং স্মারকে খাদ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে সূত্রস্থ 'খ' নং স্মারকে মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে বিধিমোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

কিন্তু নির্ধারিত সময় অতিক্রান্তের পর ডাটাবেজ পর্যালোচনা করে দেখা যায় যে, আপলোডযোগ্য ভোক্তাসমূহের মধ্যে ৪৮,২৪৯ জন ভোক্তাকে উপজেলা খাদ্যবান্ধব কমিটির সভাপতি উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক অনুমোদন করা হলেও মাত্র ২১,৫২৯ জন ভোক্তাকে ইউডিসি কর্তৃক যাচাই করা হয়েছে এবং যাচাই সম্পন্ন হওয়া সত্ত্বেও ১৪,৬৫৮ জন ভোক্তাকে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক অনুমোদন প্রদান করা হয়েছে। পর্যাপ্ত সময় দেওয়ার পরেও অযাচাইকৃত সমুদয় ভোক্তাগণকে ডাটাবেজে অন্তর্ভুক্ত করতে না পারায় আগামী প্রান্তিকে এসকল ভোক্তাগণ খাদ্যবান্ধব কর্মসূচির সুবিধা হতে বঞ্চিত হওয়ার আশংকা রয়েছে। প্রতীয়মান হয় যে, জেলা-উপজেলা পর্যায়ে সমন্বয়হীনতা ও সুষ্ঠু মনিটরিং এর অভাবে এ কার্যক্রমের প্রত্যাশিত সফলতা পাওয়া যায়নি, যা মোটেও কাম্য নয়।

উপজেলা খাদ্যবান্ধব কমিটি কর্তৃক অনুমোদিত ভোক্তার তালিকা আপলোড, ইউডিসি কর্তৃক যাচাই ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক অনুমোদন প্রদানপূর্বক খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তার ডাটাবেজ হালনাগাদকরণের জন্য সূত্রস্থ 'গ' নং স্মারকে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু সারাদেশ ইন্টারনেট সংযোগ ব্যবস্থা সাময়িক বন্ধ থাকার কারণে মৃত ভোক্তার সনদ আপলোড, অযাচাইকৃত ভোক্তার তথ্য হালনাগাদকরণের কার্যক্রম স্তিমিত হয়ে পড়ে।

এমতাবস্থায়, উপজেলা খাদ্যবান্ধব কমিটি কর্তৃক অনুমোদিত ভোক্তার তালিকা আপলোড, ইউডিসি কর্তৃক যাচাই ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক অনুমোদন প্রদানপূর্বক খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তার ডাটাবেজ হালনাগাদকরণের জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো।

১) সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণের তত্ত্বাবধানে মৃত ভোক্তাগণের মৃত্যু সনদ আগামী ০৭/০৮/২০২৪ খ্রি. তারিখের মধ্যে খাদ্যবান্ধব কর্মসূচির ডাটাবেজে আপলোড করতে হবে; উল্লেখ্য, কোন ভোক্তার মৃত্যু সনদ আপলোড করা হলে উপজেলা খাদ্য বান্ধব কমিটি কর্তৃক অনুমোদিত ভোক্তা প্রতিস্থাপন করা যাবে;

২) উপজেলা খাদ্যবান্ধব কমিটির অনুমোদনক্রমে আগামী ০৮/০৮/২০২৪ হতে ৩১/০৮/২০২৪ তারিখের মধ্যে মৃত ও ভিডলিউবি তালিকাভুক্ত ভোক্তাগণের প্রতিস্থাপন, সিস্টেমে আপলোড, ইউডিসি কর্তৃক ভোক্তাগণের যাচাই ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক অনুমোদনের কার্যক্রম সম্পন্ন করতে হবে;

৩) ইতিপূর্বে উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত, অযাচাইকৃত ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক অনুমোদিত ভোক্তাগণের তথ্যাদি ৩১/০৮/২০২৪ তারিখের মধ্যে হালনাগাদকরণ সম্পন্ন করতে হবে;

৪) নতুন ভোক্তা অন্তর্ভুক্তকরণের ক্ষেত্রে খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা ২০১৭ এর অনুচ্ছেদ ৩.১, ৩.৪ ও ৩.৫ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে;

৫) নির্ধারিত তারিখের মধ্যে খাদ্যবান্ধব ভোক্তার ডাটাবেজ হালনাগাদকরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ইউনিয়নভিত্তিক প্রচার-প্রচারণার মাধ্যমে সংশ্লিষ্ট নির্বাচিত ভোক্তাকে অবহিতকরণ, ইউডিসিকে যাচাইকরণের জন্য নির্দেশনা প্রদান করতে হবে;

৬) স্ব স্ব আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক ও জেলা খাদ্য নিয়ন্ত্রক হোয়াটসআপ গ্রুপে এ কার্যক্রম নিবিড় মনিটরিং করে সাপ্তাহিকভিত্তিতে খাদ্য অধিদপ্তর প্রতিবেদন প্রেরণ করতে হবে।



৩০-০৭-২০২৪

রেজা মোহাম্মদ মহসিন
পরিচালক

+৮৮-০২-৪১০৫০০৯১ (ফোন)

+৮৮-০২-৯৫৮৫০৯০ (ফ্যাক্স)

dsdm@dgfood.gov.bd


আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/রংপুর/খুলনা/সিলেট/ময়মনসিংহ।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০০১.২০.৯৭/১ (৪)

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
- ২। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (প্রয়োজনীয় কারিগরি ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো) এবং
- ৪। Senior Executive Director, বেক্সিমকো কম্পিউটার্স লি (প্রয়োজনীয় কারিগরি ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।



৩০-০৭-২০২৪

অনির্বান ভদ্র
উপপরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) উপজেলাওয়ারী আপলোডযোগ্য ভোক্তার সংখ্যা নির্ধারনী ছক